

দেশবাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।

পুজিবাজারে বিনিয়োগ ঝুঁকিপূর্ণ । বিনিয়োগের ক্ষেত্রে অন্যান্যের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে জেনে-বুঝে দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহন করুন।

মৌল-ভিত্তি সম্পন্ন কোম্পানির সিকিউরিটিজ বিনিয়োগ করুনঃ মৌল-ভিত্তি সম্পন্ন কোম্পানি যাচাইয়ের জন্য নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনায় রাখুনঃ

- প্রতিষ্ঠানিক সুশাসন;
- সম্পদের পরিমাণ এবং তার যথাযথ ব্যবহার;
- নিয়মিত লভ্যাংশ প্রদান এবং লভ্যাংশের হার;
- নিয়মিত বার্ষিক সাধারণ সভা করা এবং শেয়ার হোল্ডারদের মতামতের গুরুত্ব প্রদান;
- মুনাফা, শেয়ার প্রতি আয়, শেয়ার প্রতি নীট সম্পদের পরিমাণ ও উহাদের ধনাত্মক প্রবৃদ্ধি;
- সঠিক সময়ে সকল মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ;
- সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন-কানুন বিধি-বিধান পরিপালন করে কোম্পানী পরিচালনা।

বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহনের জন্য বিবেচ্য বিষয়সমূহঃ

- বিগত সময়ের মূল্য উঠানামা পর্যালোচনা;
- বাজার, সেক্টর ও সিকিউরিটিজের মূল্য/আয় আনুপাত পর্যালোচনা;
- বিনিয়োগের ক্ষেত্রে স্বল্পমেয়াদ, মধ্যমেয়াদ এবং দীর্ঘমেয়াদে পুজি বণ্টনের মাধ্যমে পরিকল্পনা;

- বিভিন্ন সেক্টর এবং ধরনের সিকিউরিটিজে বিনিয়োগের মাধ্যমে পোর্টফলিও গঠন করে বিনিয়োগের ঝুঁকি ব্যবস্থাপনা;
- বিনিয়োগ সংক্রান্ত বিধি-বিধান এবং লেনদেন সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলা।

বিনিয়োগকারীদের জন্য করণীয়ঃ

- ❖ আশাতিরিক্ত লাভজনক বিনিয়োগ প্রলোভন থেকে সাবধান থাকুন।
- ❖ আপনার আয়-ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে ব্যক্তিগত বাজেট ও আর্থিক পরিকল্পনা করুন।
- ❖ বিভিন্ন বিনিয়োগ পণ্য ও খাতের ঝুঁকি সম্পর্কে জানুন।
- ❖ সঞ্চয় থেকে কোন সিকিউরিটিজ বা খাতে কত বিনিয়োগ করবেন সিদ্ধান্ত নিন।
- ❖ পর্যাপ্ত বিচার-বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত নিন।
- ❖ আপনার হিসাবে রক্ষিত সিকিউরিটিজ ও অর্থের বিষয়ে সচেতন থাকুন।
- ❖ বিনিয়োগ সংক্রান্ত আইন-কানুন সম্পর্কে অবগত হয়ে বিধি-নিষেধ মেনে চলুন।
- ❖ পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কোম্পানীর আর্থিক অবস্থা, ব্যবস্থাপনা এবং অন্যান্য বিষয়ে ধারণা নিন।
- ❖ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সম্পর্কে খোঁজ-খবর নিয়ে বিনিয়োগ হিসাব খুলুন।
- ❖ বিনিয়োগ সিদ্ধান্ত আপনি নিজে নিন, প্রয়োজনে বিনিয়োগ বিশ্লেষকের সহায়তা নিন।
- ❖ আপনার আর্থিক পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের বিনিয়োগের মেয়াদ নির্ধারণ করুন।

- ❖ ঋণ গ্রহণের পূর্বে আপনার ঋণ পরিশোধের সঙ্গতি এবং ঋণের শর্তসমূহ বিবেচনা করে সিদ্ধান্ত নিন।
- ❖ আপনার কোন অভিযোগ থাকলে স্টক এক্সচেঞ্জ বা কমিশনকে অবহিত করুন।
- ❖ সময়মত বিনিয়োগ এবং বিক্রয় সিদ্ধান্ত গ্রহণ করুন।

বিনিয়োগকারীদের জন্য বর্জনীয়ঃ

- সঞ্চয়ের পুরোটা একই খাতে বিনিয়োগ নয়।
- আপনার সংগতির অতিরিক্ত ঋণ গ্রহণ করবেন না।
- কারো দ্বারা প্ররোচিত হয়ে বিনিয়োগ নয়।
- গুজবের ভিত্তিতে বিনিয়োগ নয়।
- "বিনিয়োগ মানে নিশ্চিত লাভ"- এই ধারণায় বিনিয়োগ নয়।
- অনিশ্চিত তথ্য বা চটকদার বিজ্ঞাপনে আকৃষ্ট হয়ে বিনিয়োগ নয়।
- অযৌক্তিক অতিরিক্ত দরে বিনিয়োগ নয়।
- প্রত্যেকটি বিনিয়োগে ক্ষতির ঝুঁকি রয়েছে বিধায় ঝুঁকি বিশ্লেষণ না করে বিনিয়োগ নয়।
- জ্ঞাতসারে বে-আইনী বা অননুমোদিত কোন খাতে বিনিয়োগ নয়।
- অপ্রাতিষ্ঠানিক খাতে বিনিয়োগ নয়।
- কোন অনুমোদনহীন দলিল বা ফরম এ স্বাক্ষর করবেন না।
- প্রয়োজনীয় অনুমোদন ব্যতীত ইস্যুকৃত কোন সিকিউরিটিজ বা চুক্তিপত্রে- আয়ের হার অনেক বেশী ও কম ঝুঁকিপূর্ণ বলে প্রতিশ্রুতি দিলেও বিনিয়োগ করবেন না।